গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (SID)
এসডিজি সেল
www.sid.gov.bd

**বিষয়: জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর ১৮শ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| তারিখ ও সময় | : | ২৯/০৫/২০২৩ খ্রি. সকাল ১০:৩০ টা। |
| স্থান | : | বিবিএস কনফারেন্স রুম (গ্রাউন্ড ফ্লোর), পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট '**ক**'-তে সংযুক্ত করা হলো। |

**২.০ উপস্থাপনা ও আলোচনা:**

২.১ সভাপতি শুরুতেই সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর সার্বিক কার্যক্রমের বিষয়ে আলোকপাত করে সূচনা বক্তব্য প্রদান করেন। NDCC-এর গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, কোনো দায়িত্ব বা কাজ ব্যাক্তি নির্ভর না হয়ে প্রতিষ্ঠান নির্ভর হওয়া উচিত। এসডিজি বাস্তবায়নের ক্ষেত্রে "Leave No One Behind" এবং "Whole of Society" ধারণাকে মনে রেখে তিনি টীম ওয়ার্কের মাধ্যমে কাজ করার প্রয়োজনীয়তা তুলে ধরেন। এ ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সভাপতি এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক-এর কার্যালয়ের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন।

২.২ পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ মাহবুবুল আলম সিদ্দিকী, উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত উপস্থাপন করেন। আলোচনার শুরুতে তিনি 'ক' অংশের উপর NDCC নিয়ে একটি সংক্ষিপ্ত উপস্থাপনা প্রদান করেন। তিনি বলেন অগ্রাধিকারভিত্তিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের অবিচ্ছেদ্য অংশ হিসেবে সমায়ানুগ, প্রাসঙ্গিক, বস্তুনিষ্ট, ব্যবহার বান্ধব ও নির্ভরযোগ্য সরকারি পরিসংখ্যানের ক্ষেত্রে প্রধান অনুষঙ্গ হলো ডাটা। এসডিজি পরিবীক্ষণের জন্যও বিভাজিত উপাত্ত প্রয়োজন। তিনি বলেন, অভীষ্ট ১৭-তে উপাত্ত, পরিবীক্ষণ ও জবাবদিহিতার উপর গুরুত্বারোপ করে এর আওতায় ০৫টি সূচক (১৭.১৮.১, ১৭.১৮.২, ১৭.১৮.৩, ১৭.১৯.১, ১৭.১৯.২) অন্তর্ভুক্ত করা হয়েছে। উপাত্ত প্রস্তুত ও সরবরাহে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কাজ করছে।

২.৩ এসডিজি'র তথ্য-উপাত্ত প্রদানকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা তথা 'জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা (NSS)'-এর আওতাভুক্ত সকলের সাথে সমন্বয়ের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব মহোদয়কে সভাপতি করে ৫৫ সদস্যবিশিষ্ট জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee- NDCC) গঠন করা হয়েছে। এছাড়াও NDCC'কে অফিসিয়াল পরিসংখ্যান বিষয়ে কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার জন্য NDCC-এর আওতায় ৯টি বিষয়ভিত্তিক কারিগরি কমিটি গঠন করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। তিনি আরো বলেন, এসডিজি'র উপাত্ত সমন্বয়ে বিশেষ করে উপাত্তের দ্বৈততা পরিহার ও অব্যবহৃত উপাত্তসমুহ পর্যালোচনা এবং এসডিজি পরিবীক্ষণে সকলের অংশগ্রহণমূলক ভুমিকা নিশ্চিতকরণে NDCC জাতীয় পর্যায়ে অত্যন্ত কার্যকরী ভুমিকা পালন করছে। NDCC গঠনের প্রাক্কালে যেখানে ১১২টি সূচকের Baseline ডাটা/উপাত্ত ছিল, NDCC গঠন পরবর্তী সময়ে অতিরিক্ত আরো ৭১টি (মোট ১৮৩) সূচকের Baseline ডাটা সংগ্রহ করা সম্ভব হয়েছে। ২০১৬ সালে Baseline Data সংগ্রহের হার ছিল ৪৬% (১১২), বর্তমানে তা ৭৪% এ উন্নীত হয়েছে। Baseline ডাটার বিপরীতে বর্তমানে ১৩৬টি সুচকের হালনাগাদকৃত ডাটা প্রদান করা হচ্ছে (৫৮%), যা ২০১৭ সালে ছিলো ৭০টি (৩০%)। NDCC-এর সভাপতি হিসেবে এসআইডি'র সম্মানিত সচিব মহোদয়ের সুদৃঢ় ও বলিষ্ঠ নেতৃত্বে আলোচ্য কমিটি তার দায়িত্ব সঠিকভাবে পালন করার পরিপ্রেক্ষিতে এ উন্নতি সম্ভব হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

২.৪ উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভাকে অবহিত করেন যে "Revised Mapping of Ministries/Divisions and Custodian/Partner Agencies for SDG Implementation in Bangladesh" শীর্ষক প্রতিবেদন অনুযায়ী এসডিজি'র ২৪৭টি (৫.৩.২ বাদে, যা বাংলাদেশের জন্য প্রযোজ্য নয়) সূচকের মধ্যে SID এবং BBS একক প্রতিষ্ঠান হিসেবে মোট ১১৫টি (৪৬%) সূচকের উপাত্ত প্রদান করবে। টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন অগ্রগতি পরিবীক্ষণে যথাসময়ে তথ্য-উপাত্ত প্রস্তুত ও ব্যবহারের ক্ষেত্রে যথাযথ পরিকল্পনার গুরুত্ব বিবেচনায় নিয়ে জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিবিএস কর্তৃক

এসডিজি ডাটা প্রস্তুত সংক্রান্ত কর্মপরিকল্পনা "Action Plan and Methodological Guidelines for Data Generation and Disaggregation for Monitoring and Evaluation of SDGs" শীর্ষক প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে, যা মাননীয় প্রধানমন্ত্রী গত ০৭ সেপ্টেম্বর ২০২১ তারিখে উন্মোচন করেন। সময়াবদ্ধ এই Action Planটি এসআইডি/বিবিএস-এর ওয়েবসাইটে আপলোড করা আছে। SDG বিষয়ক তথ্য-উপাত্ত অনলাইনে পরিবীক্ষণ ও প্রতিবেদনের জন্য এটুআই প্রোগ্রামের সহযোগিতায় প্রণয়নকৃত এবং বিবিএস কর্তৃক পরিচালিত SDG Tracker সম্পর্কে সভাকে অবহিত করেন।

২.৫ ২০১৬ থেকে ২০৩০ সাল মেয়াদে বাস্তবায়নের জন্য গৃহীত বৈশ্বিক এ উন্নয়ন এজেন্ডা বাস্তবায়নে ইতোমধ্যে প্রায় ৭ বছর অতিবাহিত হয়েছে। ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জনের ক্ষেত্রে- এসডিজি'র মেটাডাটা সম্পর্কে স্পষ্টতার অভাব, উপাত্ত প্রস্তুতের ক্ষেত্রে উদ্যোগের অভাব, এসডিজি ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট/ডাটা প্রদানকারী/ডাটা অনুমোদনকারী কর্মকর্তার পরিবর্তন/বদলী, উপাত্ত প্রস্তুতকারী প্রতিষ্ঠান ও ক্লাস্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে যথাযথ সমন্বয়ের অভাব ইত্যাদিকে তিনি তার উপস্থাপনায় চ্যালেঞ্জ হিসেবে চিহ্নিত করেন। এ সকল চ্যালেঞ্জসমূহ থেকে উত্তরণের উপায় হিসেবে তিনি বেশ কিছু Way Forward-এর কথা উল্লেখ করেন। যেমন: এসডিজি'র উপাত্ত প্রস্তুত ও সরবরাহে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখা; সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কাস্টোডিয়ান এজেন্সি, একাডেমিয়া এবং উন্নয়ন সহযোগিদের সাথে অংশীদারিত্ব বৃদ্ধি করা; উপাত্ত প্রদানকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সাথে বিবিএস-এর সাথে ক্লাস্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের নিবিড় যোগাযোগ প্রতিষ্ঠা করা; উপাত্ত প্রস্তুত/সরবরাহের জন্য প্রয়োজনীয় অর্থায়ন নিশ্চিত করা ইত্যাদি। এ পর্যায়ে সভাপতি বলেন, ২৭টি শুমারি জরিপসহ অন্যান্য কার্যক্রম হতে এসআইডি ও বিবিএস যৌথভাবে ১১৫টি সূচকের উপাত্ত প্রদান করবে, যা এসডিজি'র মোট সূচকের ৪৬%, তার মধ্যে ১৪টি প্রকল্প নির্ভর হওয়ায় ডাটা জেনারেশনের সাইকেল বা সময়াবদ্ধ কর্মপরিকল্পনা সঠিকভাবে রক্ষা করা কঠিন হচ্ছে, কারণ তা বহুলাংশে নির্ভর করে প্রকল্পের সময়মতো অনুমোদন প্রক্রিয়াকরণের উপর, যা এসআইডি/বিবিএস-এর একার হাতে নেই। নির্ধারিত সময়ে এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে সভাপতি উপরোক্ত চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করার ক্ষেত্রে অতিরিক্ত সচিব (এসডিজি) প্রধানমন্ত্রীর কার্যালয়ের মাধ্যমে এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয়ের পূর্ণ সহযোগিতা কামনা করেন। পাশাপাশি সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কাস্টোডিয়ান এজেন্সি, একাডেমিয়া এবং উন্নয়ন সহযোগিদের সাথে অংশীদারিত্ব কামনা করেন।

২.৬ এ প্রেক্ষিতে এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয়ের কার্যালয়ের প্রতিনিধি অতিরিক্ত সচিব বলেন, প্রথমবারের মতো এসডিজি বাস্তবায়নে প্রাইভেট সেক্টরের প্রতিনিধিদের সাথে একটি MOU স্বাক্ষরিত হয়েছে। তিনি সভাকে আরো অবহিত করেন প্রতি ৪ বছর পর পর Head of the Govt. level-এর প্রতিনিধিদের নিয়ে SDG Summit হয়। এবারের SDG Summit অনুষ্ঠিত হবে আগামী সেপ্টেম্বর মাসে, যেখানে মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন বলে ধারণা করা হচ্ছে। ফলে এক্ষেত্রে ব্যাপক প্রস্তুতির প্রয়োজন আছে। NDCC'র সভায় উপস্থিত সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা প্রতিনিধিদের স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা-এর গুড প্র্যাকটিস/ইনোভেটিভ আইডিয়া (যদি থাকে) যা বিশ্বের নিকট টেস্ট কেস হিসেবে উপস্থাপন করা যায়, তার উপর একটি রাইট-আপ/ব্রীফ এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন। তিনি SDG Tracker আপডেট করা, আরও ব্যবহার বান্ধব করার জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে আলোচনায় অংশ নিয়ে সভাপতি ০৩টি বিষয়ের উপর গুরুত্বারোপ করেন এবং মুখ্য সমন্বয়কের কার্যালয়ের প্রতিনিধির মাধ্যমে মুখ্য সমন্বয়ক মহোদয়কে অবহিত করার জন্য অনুরোধ জানান। বিষয় ০৩টি হলো: (১) SDG Data Availability'র বিষয়ে মুখ্য সমন্বয়কের অফিসের সহযোগিতা প্রসারিত করা; (২) SDG সংশ্লিষ্ট প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার মুখ্য সমন্বয়কের অফিস কর্তৃক যথাযথ পরিবীক্ষণ করা; এবং (৩) মুখ্য সমন্বয়কের অফিসের মাধ্যমে SDG বিষয়ে প্রচার প্রচারণার ব্যবস্থা করা। পাশাপাশি সভাপতি NDCC-এর পরবর্তী সভায় মুখ্য সমন্বয়ক মহোদয়ের উপস্থিতি বিশেষভাবে কামনা করেন।

৩.০ বিগত ১৭শ সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

| ক্রনং. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | আন্তর্জাতিক ইন্ডেক্সসমূহের বিষয়ে উপসচিব, এসডিজি সেল, সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনা/ম্যাপিং হালনাগাদ করার উদ্দেশ্যে এসআইডি, বিবিএস, এটুআই এবং UNRCO এর প্রতিনিধিদের নিয়ে একটি in-house সভা অনুষ্ঠিত হয়েছে। হালনাগাদকৃত কর্মপরিকল্পনার উপর শীঘ্রই একটি ওয়ার্কশপ আয়োজন করা হবে। | হালনাগাদ কর্মপরিকল্পনার উপর আগামী জুলাই মাসে একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | বাস্তবায়নে: এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সহযোগিতায়: এসডিজি সেল বিবিএস, এটুআই (a2i) প্রোগ্রাম এবং UNRC অফিস। |

| ক্রনং. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.২ | সভায় জানানো হয় কৃষি মন্ত্রণালয়ের সাথে প্রোডাকশন এস্টিমেশন গ্যাপ নিয়ে দ্বিপাক্ষিক সভা আয়োজনের লক্ষ্যে এ বিভাগ হতে কৃষি মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু কৃষি মন্ত্রণালয় হতে এ বিষয়ে কোন রেসপন্স পাওয়া যায়নি। দ্বিপাক্ষিক সভা আয়োজনের নিমিত্ত পুনরায় কৃষি মন্ত্রণালয়কে পত্র প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>এসডিজি সূচক ২.৫.১ এর তথ্য প্রদানের ক্ষেত্রে দ্বৈততা পরিহারের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিনিধিদের নিয়ে একটি সভা আয়োজন করার বিষয়ে এনডিসিসি ১৭শ সভায় সিদ্ধান্ত ছিল। এ প্রেক্ষিতে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস সভায় জানান বিবিএস এর মহাপরিচালকের সভাপতিত্বে সভাটি ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। | কৃষি মন্ত্রণালয়ের সাথে প্রোডাকশন এস্টিমেশন গ্যাপ নিয়ে দ্বিপাক্ষিক সভা আয়োজনের জন্য কৃষি মন্ত্রণালয়কে পুনরায় একটি পত্র প্রেরণ করতে হবে। | এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| ৩.৩ | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার দায়িত্বপ্রাপ্ত ২৩১টি সূচকের হালনাগাদ তথ্য-উপাত্তের বিষয়ে বিস্তারিত অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভায় এসডিজি ট্র্যাকারে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সর্বশেষ অবস্থান তুলে ধরেন। সভায় আলোচনা হয় যে, SDG ট্র্যাকারে ডাটা প্রদান অথবা ডাটা বিষয়ে কোন সমস্যার সম্মুখীন হলে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ বিবিএস কর্তৃক নির্ধারিত ক্লাস্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তার মাধ্যমে অথবা ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস-এর সাথে যোগাযোগ করতে পারে। | SDG ট্র্যাকারে ডাটা প্রদান অথবা ডাটা বিষয়ে কোন সমস্যার সম্মুখীন হলে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ বিবিএস কর্তৃক নির্ধারিত ক্লাস্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তার মাধ্যমে অথবা ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস-এর সাথে যোগাযোগ করবে। | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ-এর জন্যে বিবিএস কর্তৃক নির্ধারিত ক্লাস্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>এবং<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস। |
| ৩.৪ | সভাপতি বলেন, ২০১৬ থেকে ২০৩০ সাল মেয়াদের বৈশ্বিক এ উন্নয়ন এজেন্ডা বাস্তবায়নে ইতোমধ্যে প্রায় ৭ বছর অতিবাহিত হয়েছে। ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জনের ক্ষেত্রে চ্যালেঞ্জসমূহ বিশেষ করে SDG ট্র্যাকারে ডাটা প্রদান অথবা ডাটা বিষয়ে কোন সমস্যার সম্মুখীন হলে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা নিয়ে একাধিক গ্রুপ করে প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে সমস্যা চিহ্নিতকরণসহ তা নিরসনের উদ্যোগ গ্রহণ করতে হবে। যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার তথ্য উপাত্ত নাই প্রয়োজনে টেলিফোন/ডি.ও পত্র প্রেরণের মাধ্যমে যোগাযোগ করতে হবে। | এসডিজি'র হালনাগাদ তথ্য উপাত্ত প্রাপ্তিতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা নিয়ে একাধিক গ্রুপ করে প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে সমস্যা চিহ্নিতকরণসহ তা নিরসনের উদ্যোগ গ্রহণ করতে হবে। যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার তথ্য উপাত্ত নাই প্রয়োজনে টেলিফোন/ডি.ও পত্র প্রেরণের মাধ্যমে যোগাযোগ করতে হবে। | এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |

৪.০ পরিশেষে সভাপতি সকলকে আলোচনায় সক্রিয় অংশগ্রহণ করায় আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪.০৩.২৩

ড. শাহনাজ আরেফিন, এনডিসি
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ